# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

REACHING NATIONS

***India's National Spiritual Newspaper***

₹ 10/-

**Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN**

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol. XXVI | YEAR OF OUR LORD JESUS CHRIST, 2024 JUNE | No. 4


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

হিতোপদেশ ২১:১-১০

১। রাজার হৃদয় সদাপ্রভুর হাতে ধরা এমন এক জলপ্রবাহ যা তিনি তাদের সবার দিকে প্রবাহিত হতে দেন যারা তাঁকে সন্তুষ্ট করে।

২। মানুষ মনে করে যে তাদের পথই ঠিক, কিন্তু সদাপ্রভুই অন্তর মাপেন।

৩। বলিদানের পরিবর্তে যা যথার্থ ও ন্যায্য, তা করাই সদাপ্রভুর কাছে বেশি গ্রহণযোগ্য।

৪। উদ্ধত দৃষ্টি ও গর্বিত হৃদয়— দুষ্টদের অকর্ষিত জমি— পাপ উৎপন্ন করে।

৫। পরিশ্রমীদের পরিকল্পনা লাভের মুখ দেখে ঠিক যেভাবে হঠকারিতা দারিদ্র নিয়ে আসে।

৬। মিথ্যাবাদী জিভ দ্বারা যে প্রচুর ধন অর্জিত হয় তা অস্থায়ী বাষ্প ও সাংঘাতিক ফাঁদবিশেষ।

৭। দুষ্টদের হিংস্রতা তাদেরই টেনে নিয়ে যাবে, কারণ তারা যা ন্যায্য তা করতে অস্বীকার করে।

৮। অপরাধীদের পথ সর্পিল, কিন্তু নিরপরাধ মানুষের আচরণ ন্যায়নিষ্ঠ।

৯। কলহপ্রিয়া স্ত্রীর সঙ্গে এক বাড়িতে থাকার চেয়ে ছাদের এক কোনায় বসবাস করা ভালো।

১০। দুষ্টেরা অনিষ্টের আকাঙ্খা করে;তাদের প্রতিবেশীরা তাদের কাছ থেকে কোনও দয়া পায় না।

# এটি প্রভুর প্রয়োজন (আপনাকে)
# THE LORD NEEDS YOU!


*অনারারী এডিটর-ইন-চীফ, রেভা. অ্যাঞ্জেলীন সেলভাকুমারী*



আমরা তাঁর আহ্বানের প্রতিধবনির বর্ধিষ্ণু পরিবারের সমস্ত সদস্যদের শুভেচ্ছা জানাই!

আমি বিশ্বাস করতে পারছি না যে এতদ্রুত আমরা ইতিমধ্যেই ২০২৪ সালের অর্ধেক বছর সম্পূর্ণ করেছি। সময় অতিদ্রুত অতিবাহিত হচ্ছে। আমার মনে হয় এই জন্যেই বাইবেল আমাদের সময়কে অত্যন্ত বিবেচনার সঙ্গে ব্যবহার করার শিক্ষা দেয়। আপনার সময়কে সবথেকে ফলপ্রসূ করুন (ইফিষীয় ৫:১৬)। যীশু খ্রীষ্ট ছাড়া আর অন্য কেউ সময়কে ভালো করে জানে না। তিনি জানতেন কখন এটা গোপন রাখতে হবে এবং কখনও তাঁর এই পৃথিবীতে আসার উদ্দেশ্যের বিষয়টি পৃথিবীর কাছে ঘোষণা করতে হবে।

মার্ক ১১ অধ্যায়ে যীশুর জেরুশালেমে প্রবেশ একটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ ঘটনা। ততদিন পর্যন্ত, যীশু খ্রীষ্ট জনসম্মুখে স্বীকার করেননি যে তিনিই হচ্ছেন মসীহ। কিন্তু তিনি যখন গর্দভের পিঠে আরোহন করেছিলেন এবং জেরুশালেমে প্রবেশ করেছিলেন, তিনি জনসম্মুখে প্রকাশ্যে নিজেকে মসীহ বলে ঘোষণা করেছিলেন, সখরিয় ৯:৯ পদের ভাববাণীটি সম্পূর্ণ করেছিলেন।

তাঁর আহ্বানের প্রতিধ্বনি

**ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!**

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

৫ মিনিটের বাণী!!

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



REACHING NATIONS

## *from your dearly beloved brother...*



**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**HON. EDITOR-IN-CHIEF**
Rev. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.

**HON. MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**GENERAL MANAGER**
Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM., MBA.

**ADMINISTRATION**
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)

**EDITORIAL BOARD**
Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Sis. L. Mariya Anjalin, M.A., M.Sc., B.Ed.
Rev. Dr. K.R. Rajasekaran



**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858
95661 31858

**E.MAIL**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

**YOUTUBE CHANNEL**
Echo of His Call


**"সদাপ্রভুর গৌরব চিরকাল স্থায়ী হোক; সদাপ্রভু তাঁর সৃষ্টির কাজে আনন্দিত হোন"**
**—গীতসংহিতা ১০৪:৩১**

যীশু খ্রীষ্টে প্রিয় বন্ধুগণ,

আমাদের প্রভু যীশু খ্রীষ্টের অপূর্বতম নামে আপনাদের আমরা শুভেচ্ছা জানাই!

আপনারা জানেন, বিদায়ী শিক্ষার্থীদের জন্য ১লা জুন ২০২৪ তারিখে গ্রাজুয়েশন অনুষ্ঠানের পর, ৩রা জুন আমাদের চীপকে (তামিল মাধ্যম), সন্তোষপুরমে (তামিল মাধ্যম) এবং ভেলাচেরীতে হিন্দি মাধ্যম) নহিমিয় বাইবেল কলেজগুলি পুনরায় শুরু হওয়ার জন্য আমরা অত্যন্ত ব্যস্ত। বিদায়ী শিক্ষার্থীরা বিভিন্ন স্থানে নতুন মিশন কাজ শুরু করবে যেখানে কোনও চার্চ নেই। অনুগ্রহ করে এর জন্য প্রার্থনা করুন।

আমাদের এম.ডিভ., অথবা এম.টিএইচ শিক্ষাগত যোগ্যতাসহ হিন্দি মাধ্যম নহিমিয় বাইবেল কলেজের জন্য লেকচারারদের প্রয়োজন, এছাড়াও হিন্দি মাধ্যম নহিমিয় বাইবেল কলেজের জন্য আমাদের আরও অধিক শিক্ষার্থীদের প্রয়োজন।

এছাড়াও, আমাদের ইংরাজী মিডিয়াম খ্রীষ্টিয়ান স্কুল, সেণ্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে যথেষ্ট শিক্ষার্থী লাভের জন্য অনুগ্রহ করে প্রার্থনা করুন। আমরা যে সমস্ত স্থানে সুসমাচার প্রসারিত হয়নি সেই সমস্ত স্থানে উত্তম আত্মিক নেতা গড়ে তোলার জন্য এবং মণ্ডলী স্থাপন করার জন্য উদ্যোগ গ্রহণ করেছি। আপনাদের প্রার্থনার সাহায্য একান্ত কাম্য।

প্রভুর কাজের যত উন্নতি হচ্ছে, ততই আমরা কয়েক প্রকারের আত্মিক যুদ্ধের সম্মুখীন হচ্ছি। আমাদের কর্মীদের অথবা তাদের পরিবারের সদস্যরা মারাত্মক রোগের দ্বারা আক্রান্ত হচ্ছে এবং তাদের পক্ষে তাদের পরিচর্যা কাজে মনোসংযোগ করা কঠিন হয়ে যাচ্ছে।

আপনাদের প্রার্থনা এবং স্বেচ্ছাদত্ত দানের মাধ্যমে অনুগ্রহ করে আমাদের সাহায্য করুন। তহবিলের অভাবে আমরা অধিকাংশ ক্ষেত্রকর্মীদের সাহায্য এবং বেতন পাঠাতে পারছি না। আমরা আমাদের প্রয়োজনগুলির জন্য আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দৃষ্টির দিকে আন্তরিকভাবে তাকিয়ে আছি।

আমরা আপনাদের জন্য প্রার্থনা করছি।

খ্রীষ্ট যীশুতে আপনাদের দাস,
**পাস্টর অ্যালেকস্ স্যামসন স্যাম**
**পাস্টর স্যাম সেলভা রাজ**

(+91) 98412 71858 / 98410 71858
E.mail : sam@echoofhiscall.org

তাঁরা গর্দভ-শাবকটি যীশুর কাছে নিয়ে এসে তার উপর তাঁদের পোশাক বিছিয়ে দিলেন। তিনি তার উপরে বসলেন। বহু মানুষ পথের উপরে তাদের পোশাক বিছিয়ে দিল, অন্যেরা মাঠ থেকে গাছের ডালপালা কেটে এনে রাস্তার উপরে ছড়িয়ে দিল।

(মার্ক ১১:৭-৮)



*Hosanna in the highest!*


**Our Ministries:** ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) · BIBLECOR - Postal Courses (3 languages) · YouTube Ministry · Online Courses · Theological Correspondence Courses (2 languages) · Church Planting · Nehemiah Bible Colleges · Gospel Printing Press · Great Commission Partners · St. Paul's Matriculation School · Crusades · Community Development

## তাঁর আহ্বানের প্রতিধ্বনির পাঠকগণ: অনুগ্রহ করে মনোযোগ দিন

আমাদের ৫ মিনিটের **তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউ টিউব চ্যানেলের** বাণীগুলি প্রতিদিন ভোর ২টোর সময় তামিল, তেলুগু, ইংরাজী এবং হিন্দি ভাষায় সম্প্রচারিত হয়। এই বাণীগুলি দেখার দ্বারা আপনি ঈশ্বরের অনুগ্রহ লাভ করতে পারেন।

এছাড়াও আপনারা আমার নিম্নলিখিত ব্যক্তিগত ফোন নম্বরগুলি আপনাদের মোবাইল ফোনে সেভ করতে পারেন: (+91) 98412 71858 / 98410 71858

— পাস্টর এস. স্যাম সেলভারাজ

তাঁর প্রতি কী ঘটতে চলেছে তা যীশু খ্রীষ্ট ভালোভাবেই অবগত ছিলেন, তথাপি তিনি এই যাত্রা করেছিলেন কারণ তিনি জানতেন এটাই সঠিক সময়। তিনি যখন হর্ষধবনি, গান, প্রশংসা শুনছিলেন, তখন যীশু খ্রীষ্ট জানতেন যে মাত্র কয়েক দিন পরেই, তাঁকে লাঞ্ছিত করা হবে, তাঁর বস্ত্র খুলে নেওয়া হবে, তাঁর মুখে থুতু ফেলা হবে, বেত্রাঘাত করা হবে, এবং ক্রুশবিদ্ধ করা হবে। এর কারণ তিনি জানতেন ক্রুশের উপর তাঁর মৃত্যু বংশপরম্পরায় আশীর্বাদ নিয়ে আসবে। তাঁর ভগ্নচূর্ণতা মানবজাতির কাছে উদ্ধার আনবে।

মার্ক ১১ অধ্যায়টি পাঠ করার সময় তিনটি উক্তি আমার মনোযোগ আকর্ষণ করেছিল:

তিনি বলেছিলেন, "**তোমরা সামনের ঐ গ্রামটিতে যাও। সেখানে প্রবেশ করা মাত্র তোমরা দেখবে একটি গর্দভ-শাবক বাঁধা আছে, যার উপরে কেউ কখনও বসেনি। সেটিকে খুলে এখানে নিয়ে এসো**" (মার্ক ১১:২)।



শিষ্যরা দেখলেন একটি গর্দভ-শাবক বাঁধা আছে।

১। এটি দেখবে!
২। এটি খুলবে!
৩। এটি আনবে!

### ১। এটি দেখবে!

যীশু খ্রীষ্ট একটি গাধার অন্বেষণ করার জন্য তাঁর দুজন শিষ্যকে পাঠিয়েছিলেন। গাধা হচ্ছে শান্তির প্রতীক, এটি শলোমনের মিশর থেকে আনা যুদ্ধের প্রতীক ঘোড়ার থেকে সম্পূর্ণ পৃথক। গাধা নম্রতারও প্রতীক এবং এমন একটি বিষয় যে প্রচণ্ড ভার বহন করতে পারে। খুব আকর্ষণীয় নয় কিন্তু ইহুদিদের দ্বারা তাদের শস্যক্ষেত্রগুলিতে এবং পেষাই-কলগুলিতে ব্যাপকভাবে ব্যবহৃত। যীশু খ্রীষ্ট শিষ্যদের যাবার এবং গাধাটিকে খুঁজে বের করার আদেশ দিয়েছিলেন।

ঈশ্বর এখনও গাধাগুলোকে (আপনাকে এবং আমাকে) খুঁজে বের করার কাজ করছেন। তিনি আজও এমন একজন ব্যক্তিকে খুঁজছেন যিনি তাঁকে, তাঁর বাক্যকে, এবং তাঁর উদ্দেশ্যকে বহন করতে পারবে। তিনি বেপরোয়াভাবে এমন একজন ব্যক্তিকে খুঁজছেন যারা কাছে তাঁর প্রভুর দ্বারা ব্যবহৃত হওয়ার সময়, ইচ্ছা এবং সুপ্রাপ্যতা আছে। তিনি হচ্ছেন একজন ব্যস্ত মানব সম্পদ ম্যানেজার।

কিন্তু শিষ্যরা যখন গাধাটিকে খুঁজতে গিয়েছিলেন, তারা খুঁজে পেয়েছিলেন:

- একটি দ্বারের কাছে
- যেখানে দুটি পথ এক সঙ্গে মিশেছে (চৌরাস্তায়)

আমরা, ২০২৪ সালে বাস করছি, আমরা ব্যস্ততার বন্ধনে আবদ্ধ হয়ে আছি — কেন আমরা বাইবেল অধ্যয়নে আসি না? "পাস্টর, আমি কাজে অত্যন্ত ব্যস্ত।" আমি আপনাকে গত সপ্তাহে চার্চে দেখিনি। "সরি, পাস্টর, ব্যক্তিগত কাজে অথবা পারিবারিক কারণে ব্যস্ত ছিলাম।" কেন আপনি আরাধনা অনুশীলনে আসেননি? "সরি, আমি আমার শিক্ষার পাঠক্রমের কাজে ব্যস্ত ছিলাম।" অনুগ্রহ করে আমাকে ভুল বুঝবেন না; এই সমস্ত বিষয়গুলি গুরুত্বপূর্ণ। কিন্তু আমাদের যেটা বুঝতে হবে সেটা হচ্ছে কীভাবে শয়তান আমাদের ব্যস্ত করে দেয়, কাজের মধ্যে, পরিবারে, সম্পর্কগুলির মধ্যে, শিক্ষার মধ্যে, এবং অর্থ উপার্জনের মধ্যে বেঁধে রাখে।


লোকেরা মনে করেন তারা যত অধিক উপার্জন করবেন তত অধিক তারা সুরক্ষিত থাকবেন। না, এটি চূড়ান্তভাবে অর্থহীন; আমরা যত অধিক অর্থ উপার্জন করি, তত অধিক আমাদের খরচ বৃদ্ধি পায়। লোকেরা কয়েক সময় বিভিন্ন জিনিস ক্রয় করে এবং ঋণ পরিশোধ করার জন্য দীর্ঘ সময় কাজ করে, যার ফলে তারা যা ক্রয় করে তা উপভোগ করার জন্য তাদের সময় থাকে না।

ঈশ্বর বেপরোয়াভাবে এমন একজন ব্যক্তির অন্বেষণ করছেন যে তাঁকে বহন করতে পারবে, কিন্তু তিনি যা দেখছেন তা হলো লোকেরা দরজার কাছে বাঁধা আছে — কাজের দরজা, গৃহনির্মাণের দরজা, তাদের নিজস্ব সাম্রাজ্য নির্মাণের দরজা, তাদের সীমানা সম্প্রসারিত করার দরজা।

আপনি কি জানেন ইংরাজী 'BUSY' শব্দটির অক্ষরগুলির মানে কী? শয়তানের জোয়ালির অধীনস্থ হওয়া। সে আমাদের অবিরাম ব্যস্ত করে রাখে যাতে আমরা প্রার্থনা করতে না পারি, বাইবেল পাঠ, উপবাস, ধ্যান, সহভাগিতা এবং গীর্জায় না যেতে পারি।

B => Being (হওয়া)
U => Under the (অধীনস্থ)
S => Satan's (শয়তানের)
Y => Yoke. (জোয়ালের)

**ঈশ্বর আমাদের শয়তানের জোয়ালের**



যীশু খ্রীষ্ট আপনার তত্ত্বাবধান করেন

**অধীনে ব্যস্ত হওয়ার থেকে বের হয়ে আসতে সাহায্য করুন, যা অত্যন্ত ভারী এবং দুর্বহ,এবং ত্রাণকর্তার জোয়ালের অধীনে আসুন। তাঁর জোয়াল হালকা এবং সহজ** (মথি ১১:২৮-৩০)

আমরা যদি আমাদের ত্রাণকর্তার জোয়ালের অধীনে না থাকি, তাহলে আমরা শয়তানের জোয়ালের অধীনে থাকবো, তাহলে আমাদের পরিবারের জন্য, ঈশ্বরের সঙ্গে আমাদের ব্যক্তিগত সম্পর্কের জন্য, আমাদের চার্চের অঙ্গীকারবদ্ধতার জন্য আমাদের কাছে সময় থাকবে না। আমরা ঈশ্বরের ইচ্ছা থেকে অথবা ঈশ্বরের উদ্দেশ্য থেকে সম্পূর্ণ বাইরে থাকবো। এটা বেছে নেওয়ার সময়।

হতে পারে আপনি সেই একজন যে বিভ্রান্ত এবং দিশাহারা হয়ে চৌরাস্তার মোড়ে দাঁড়িয়ে আছেন। আপনি চারিদিক থেকে এমন আকর্ষণ অনুভব করবেন যে আপনি সিদ্ধান্ত নিতে পারবেন না। যীশু খ্রীষ্টের হাতে নিজেকে সমর্পণ করুন,যিনি আপনার জন্য ক্রুশের উপর মৃত্যুবরণ করেছিলেন,যিনি আমাদের সমস্ত বেদনা,দুশ্চিন্তা, ব্যর্থতা, অভিশাপ এবং শাস্তিগুলো গ্রহণ করেছিলেন। তিনি আমাদের পথ সকল সরল এবং পরিষ্কার করতে পারেন।

অথবা আপনি বলতে পারেন,"আপনি জানেন যে আমি শিশুকাল থেকে সদাপ্রভুর সেবা করছি। দেখুন আমার প্রতি কী ঘটেছে; আমি এর যোগ্য নই। আমি ঈশ্বরের কাছে আসতে চাই না;তাঁর কাছে এসে আঘাত পাওয়ার পরিবর্তে আমি তাঁর থেকে দূরে থাকবো। আমি জগৎ এবং ঈশ্বর উভয়কে চাই। আমি দূর থেকে তাঁকে অনুসরণ করতে চাই।

## দূর থেকে!

বাইবেল এমন একজন ব্যক্তির বর্ণনা করে যিনি যীশু খ্রীষ্টকে দূর থেকে অনুসরণ করেছিলেন এবং পরবর্তী ঘটনাগুলিকে ব্যাখ্যা করে যা ঘটেছিল। দূর থেকে যীশুকে অনুসরণ করার বিষয়টি হচ্ছে একটি বিপজ্জনক কাজ। আপনি শীঘ্রই অথবা ইতিমধ্যেই আপনাকে আপনার বিশ্বাসের সঙ্গে বিশ্বাসঘাতকতা করে ঈশ্বরের থেকে দূরে চলে যাওয়ার পথে দেখতে পাবেন। আপনি কি অনুমান করতে পারেন কে যীশু খ্রীষ্টকে দূর থেকে অনুসরণ করেছিলেন? হাঁ, পিতর! কিন্তু পিতর দূর থেকে তাঁকে অনুসরণ করছিলেন... (মথি ২৬:৫৮)।



পিতর দূর থেকে তাঁকে অনুসরণ করেছিলেন

দূর থেকে অনুসরণ করা হচ্ছে ব্যর্থ হওয়ার জন্য প্রস্তুতি নেওয়া। আপনি যদি যীশুকে দূর থেকে অনুসরণ করছেন, তাহলে আপনাকে সিদ্ধান্ত নিতে হবে কারণ আপনি চৌরাস্তার মোড়ে আছেন। যীশু বলছেন, "আমি তোমার অনুসন্ধান করছি"।

আপনি যেখানেই যান না কেন তিনি আপনাকে খুঁজে বের করবেন!

## ২। এটি খুলুন

শিষ্যরা যখন গাধাটিকে দেখতে পেয়েছিলেন, তখন তারা এটাকেও চৌরাস্তার মোড়ে বাঁধা অবস্থায় দেখতে পেয়েছিলেন!

আমাদের ঈশ্বর হচ্ছেন শান্ত ঈশ্বর;তিনি কখনও কারও উপর জুলুম করেন না। তিনি আমাদের এতো ভালোবাসেন যে তিনি অপব্যয়ী পুত্রের পিতার মতো প্রতিদিন তার ফিরে আসার জন্য অপেক্ষা করেন। এটাই আমাদের স্বর্গীয় পিতার ভালোবাসা! তিনি এখনও আপনার জন্য অপেক্ষা করছেন।

প্রিয় ভাইবোনেরা, ঈশ্বর আপনার বাঁধন শিথিল করতে চান! আপনি কীসের বন্ধনে আবদ্ধ আছেন?

আমাদের মধ্যে কয়েক জন চায় না তাদের বাঁধন শিথিল হোক কারণ তাদের মনের সঙ্গে হৃদয়ের পারস্পরিক বৈপরীত্য আছে। আমরা বলি, "তোমার ইচ্ছা পূর্ণ হোক," কিন্তু তারপর আমরা বলি, "প্রভু, আমার হৃদয়ের কামনাগুলো সম্পূর্ণ করো। ঈশ্বর চান তিনি আমাদের জন্য যে পরিকল্পনা করেছেন আমরা যেন সেই দিকে অগ্রসর হই, কিন্তু আমরা আমাদের নিজেদের ইচ্ছাগুলোর দ্বারা পেছনে থেকে যাই।

*(ক্রমশঃ, ৬ পাতায়)*


# NEHEMIAH BIBLE

**RESIDENTIAL / EVENING COLLEGE,**
Velachery / Chepauk & Santhoshapuram, Chennai.

ECHO OF HIS CALL 1969-2019 REACHING NATIONS

Medium : Hindi / Tamil

*Registered Candidate for Membership*
Asia Theological Association (ATA)

Regd. Candidate for Membership ATA NEHEMIAH BIBLE COLLEGE CHENNAI ECHO OF HIS CALL ★ Estd.: 1969

Recognised by International Christian Leaders & Senior Pastors for the past 54 years

Qualification :
10th Standard & above

Certificate in Ministry
Diploma in Theology
**Rush for Admission!**

**Contact : The Chairman, Nehemiah Bible College.**
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
★ ONLINE CLASSES ARE AVAILABLE ★

GREAT COMMISSION PARTNERS
ECHO OF HIS CALL MINISTRIES SINCE 1969

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে জুন থেকে ১৮ই জুলাই, ২০২৪)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)



## প্রশংসার বিষয়সমূহ

**জুন ১৯** : ১৯৬৯ সাল থেকে পত্রিকা পরিষেবার প্রতি আমাদের প্রতিশ্রুতিবদ্ধতাকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২০:** আবাসিক এবং সান্ধ্য **নহিমিয় বাইবেল কলেজের** শিক্ষার্থীদের সঙ্গে সংযোগ করার আমাদের উদ্যোগকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২১:** আমাদের **বরিষ্ঠ পাস্টর এস. স্যাম সেলভা রাজ** এবং তাঁর পরিবারের সমস্ত সদস্যদের সমস্ত রকমের মন্দশক্তি থেকে রক্ষা করার জন্য।

**দিন ২২:** আমাদের আবাসিক এবং **সান্ধ্য নহিমিয় বাইবেল কলেজ এবং সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের** ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ সাফল্যের সঙ্গে সম্পূর্ণ করার জন্য।

**দিন ২৩:** তামিল, তেলুগু, হিন্দি এবং ইংরাজী ভাষায় আমাদের **তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউ টিউব চ্যানেলে** প্রচারিত বাণীগুলিকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৪:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখা মণ্ডলীগুলির দ্বারা পরিচালিত ছুটিকালীন বাইবেল স্কুলকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৫:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের তাঁর অসীম করুণার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৬:** আমাদের **ইয়ূথ এবং শিশু তত্ত্বাবধান পরিষেবার বিশ্বদর্শনকে** আশীর্ব্বাদ করার জন্য, বিশেষ করে প্রতিদিন রাত ১০টার সময় বিশ্বব্যাপী ইয়ূথ এবং শিশুদের জন্য প্রার্থনা কর্মসূচীকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৭:** সংস্থাটি পরিচালনায় আরও অধিক ফলপ্রসূ হওয়ার বিষয় আমাদের সমস্ত প্রচেষ্টার জন্য।

**দিন ২৮:** আমাদের শুভাকাঙ্খীদের প্রার্থনা এবং আর্থিক সাহায্যের জন্য।

**দিন ২৯:** ১৩ই মে ২০২৪ তারিখে অনুষ্ঠিত আমাদের নহিমিয় বাইবেল কলেজের প্রাক্তন শিক্ষার্থীদের সমাবর্তন অনুষ্ঠানটিকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ৩০:** আমাদের **বরিষ্ঠ পাস্টর এস. স্যাম সেলভা রাজ** এবং তাঁর পরিবারের সমস্ত সদস্যদের সমস্ত রকমের মন্দশক্তি থেকে রক্ষা করার জন্য।

**জুলাই ০১:** নিবেদিত প্রাণ সহযোগি সম্পাদকদের সঙ্গে আমাদের পরিচর্যাকে আশীর্ব্বাদ করার জন্য যাঁরা তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকা পরিচর্যাকে সাহায্য করছেন।

**দিন ০২:** আমাদের **সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজ এবং ডাকযোগে ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রমের** জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ০৩:** আমাদের **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** কর্মী এবং তাদের পরিবারের সদস্যদের সুরক্ষার জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ৪:** ঈশ্বর যেন আরও অধিক নিবেদিত প্রাণ কর্মীদের আমাদের **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলিতে** নিয়ে আসেন।

**দিন ৫:** সারা বিশ্বব্যাপী ছুটিকালীন বাইবেল স্কুল ক্লাসগুলির মাধ্যমে পরিত্রাণ প্রাপ্ত শিশুদের জন্য প্রার্থনা করুন।

**দিন ৬:** ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আবাসিক এবং সান্ধ্যকালীন **নহিমিয় বাইবেল কলেজে** যোগ্য শিক্ষার্থীদের ভর্তির জন্য প্রার্থনা করুন।

**দিন ৭:** ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আমাদের **সেন্টপলস্ ম্যাট্রিকুলেশ স্কুলে** নতুন শিক্ষার্থীদের ভর্তির জন্য প্রার্থনা করুন।

**দিন ৮:** সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে সুসমাচার প্রচারকারী মিশনারীদের স্বর্গীয় সুরক্ষার জন্য।

**দিন ৯:** আমাদের অফিসের কর্মীদের জন্য এবং প্রিন্টিং প্রেসের কর্মীদের মঙ্গলের জন্য প্রার্থনা করুন।

**দিন ১০:** এ মাসে আমাদের সমস্ত প্রয়োজনগুলি পূরণ করার জন্য।

**দিন ১১:** দলিত লোকদের আর্থিক উন্নতির জন্য প্রার্থনা করুন।

**দিন ১২:** ঈশ্বর যেন সমস্ত দেশগুলির ঈশ্বর-ভীরু নেতাদের আশীর্ব্বাদ করেন।

**দিন ১৩:** ঈশ্বর যেন আমাদের ভারতের সমস্ত সুসমাচার অপ্রসারিত লোকদের কাছে পৌঁছাতে সক্ষম করেন।

**দিন ১৪:** সারা পৃথিবীতে শান্তি বজায় রাখার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৫:** আমাদের বরিষ্ঠ পাস্টরের আত্মজীবনী লেখার সাফল্যের জন্য প্রার্থনা করুন।

**দিন১৬:** আমদের পরিচর্যসংক্রান্ত সম্প্রসারণের জন্য এবং সারা পৃথিবীতে সুসমাচার প্রচারের জন্য প্রার্থনা করুন।

**দিন ১৭:** আমাদের **বরিষ্ঠ পাস্টর এস. স্যাম সেলভা রাজ** এবং তাঁর পরিবারের সমস্ত সদস্যদের সমস্ত রকমের মন্দশক্তি থেকে রক্ষা করার জন্য এবং নিরাপদ জীবন যাপনের জন্য প্রার্থনা করুন।

**দিন ১৮:** সারা পৃথিবীর মিশনারী কর্মীদের স্বর্গীয় সুরক্ষার জন্য প্রার্থনা করুন।

(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)

আপনি প্রভুর সেবা করতে চান এবং তাঁকে সন্তুষ্টকারী জীবন যাপন করতে চান, কিন্তু আপনি বন্ধনে আবদ্ধ, চলতে অক্ষম। আপনি মানসিকভাবে ভগ্নচূর্ণ, আপনার অনুভূতিগুলো চূর্ণবিচূর্ণ, কেবল ঈশ্বর আপনার হৃদয়ের অবস্থা জানেন। লোকেরা কেবল



ঈশ্বর আপনার চোখের জল জানেন

আপনার হাসি দেখে;রাতের অন্ধকারে আপনি যে চোখের জল ফেলেন তা কেউ জানে না।

যে সীমাবদ্ধতা আপনাকে বেঁধে রেখেছে ঈশ্বর চান তার থেকে আপনাকে স্বাধীন করতে, যাতে আপনি আপনার অগ্রগতির পথে বাধাস্বরূপ ঝামেলাগুলো থেকে মুক্ত হতে পারেন। যীশু খ্রীষ্টের দিকে ফিরুন; তিনি সক্রিয়ভাবে ব্যক্তিদের বন্ধন থেকে মুক্ত করেন। এটি আপনার সময়;আপনাকে অবরোধকারীর দৃঢ় বন্ধন থেকে মুক্ত করার জন্য প্রভুর কাছে আকুলভাবে আবেদন করুন। স্বাধীনতা এবং অগ্রগতির অন্বেষণ করুন, আপনার যাত্রাকে বাধাদানকারী চক্রগুলোকে ভগ্ন করে আপনাকে স্বাধীন করার জন্য তাঁর কাছে মিনতি জানান।

## বিলিয়ম এবং বালাক!

গণনা পুস্তক ২২ অধ্যায় আমাদের বিলিয়ম ভাববাদীর গল্প বলে। বাইবেল বলে যে তাঁর আশীর্ব্বাদ করার এবং অভিশাপ দেবার শক্তি ছিল, সেই কারণে মোয়াবে রাজা তাঁকে ইস্রায়েলীয়দের তিনবার অভিশাপ দেবার অনুরোধ জানিয়েছিলেন।শুরু থেকেই তিনি জানতেন যে এটা ঈশ্বরের ইচ্ছা নয়। যাইহোক, তিনি গাধাটির মতো চৌরাস্তার মোড়ে বাঁধা ছিলেন- তিনি টাকা, যশ, সম্পদ, ক্ষমতা, কর্তৃত্ব, এবং মনোযোগের দ্বারা বাঁধা ছিলেন। তিনি ঈশ্বরের ইচ্ছা এবং তাঁর নিজের ইচ্ছার মধ্যে পীড়িত হয়েছিলেন।




মোয়াবের রাজা ইস্রায়েলীয়দের অভিশাপ দানের জন্য বিলিয়মের কাছে অনুরোধ করেছিলেন

প্রিয় বন্ধুগণ, আপনি যদি বিলিয়মের মতো অবিরত চৌরাস্তার মোড়ে থাকেন, তাহলে এটা আপনার পক্ষে মনোরম যাত্রা হবে না। সদাপ্রভুর দূত তাঁর বিরুদ্ধে রাস্তায় দাঁড়িয়েছিলেন।

"ঈশ্বর তাঁর বিরোধীতা করার জন্য পথে দাঁড়িয়েছিলেন। আপনি যদি আজ আপনার পথ পরিবর্তিত না করেন, তাহলে তিনি আপনার বিরুদ্ধে তরোয়াল হাতে নিয়ে দাঁড়াবেন।

ঈশ্বর আপনার বাঁধন খুলতে ইচ্ছুক আছেন, কিন্তু প্রশ্নটি হচ্ছে, আপনি কি বন্ধনমুক্ত হতে চান?

## ৩। এখানে নিয়ে আসুন



ঈশ্বর আপনার বাঁধন খোলার জন্য অপেক্ষা করছেন যাতে তিনি আপনাকে এখানে ফিরিয়ে আনতে পারেন।

ঈশ্বর যখন আপনাকে এখনে ফিরিয়ে আনতে চান,তার জন্য আপনাকে প্রথমে সাধু হয়ে তাঁর কাছে ফিরে আসার প্রয়োজন হয় না। আপনি যে অবস্থায় আছেন, আপনার তল্পিতল্পা, যন্ত্রণা, হতাশা, ক্রোধ, নিরাশা,পরাজয়, এবং নিঃসঙ্গতা সঙ্গে নিয়ে আসুন।

যীশু খ্রীষ্ট আপনার সংগ্রামগুলির সহমর্মি। তাঁর জীবনের শেষ মুহূর্তগুলিতে, সাধারণত তাঁর চারিদিকে বিপুল জনসমাবেশের পরিবর্তে, তিনি

(ক্রমশঃ ৮ম পৃষ্ঠায়)


# NEHEMIAH BIBLE EVENING COLLEGE

Chepauk & Santhoshapuram, Chennai.

ECHO OF HIS CALL 1968-2018
REACHING NATIONS

Medium :Tamil

**RUSH FOR ADMISSION!**

Recognised by International Christian Leaders & Senior Pastors for the past 54 years

Certificate in Ministry
Diploma in Theology

Qualification : 10th Standard & above

Contact : The Chairman, Nehemiah Bible College.

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, BELLS ROAD, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

## MAIN CHURCH PROGRAMMES

1. Prayer Service : 24 hours
2. **ECHO OF HIS CALL** - Monthly Magazines :English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikan.
3. **BIBLECOR -** Basic Bible Courses (English, Tamil & Hindi)
4. Theological Correspondence Courses: English & Tamil
5. Nehemiah Bible Colleges (Chepauk, Santhoshapuram & Velachery)
6. Great Commission Partners (Network of Pastors)
7. Training Programmes – Seminars & Retreats
8. Crusades
9. Literature Distribution and Follow Up
10. Gospel Printing Press - Publications
11. St. Paul's Matriculation School - Village English High School
12. Sunday Schools (Chepauk) : 10.30 a.m. Sunday & (Velachery, Balaji Nagar & Santhoshapuram) 3.00 p.m. Sunday
13. **Early Morning Service : 5.30 a.m. Sunday**
14. **Preliminy Service : 8.00 a.m. Sunday**
15. **Tamil Service : 8.30 a.m. Sunday**
16. **Youth Meeting : 11.00 a.m. Sunday**
17. **Fellowship Lunch : 1.00 p.m. Sunday**
18. **Hindi Service : 4.00 p.m. Sunday**
19. **Telugu Service : 5.00 p.m. Sunday**
20. **English & Hindi Service : 6.00 p.m. Sunday**
21. Feedback Time : 7.30 p.m. Sunday
22. Women's Prayer : 5.30 p.m. Wednesday
23. Men's Prayer : 7.00 p.m. Friday
24. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
25. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
26. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
27. Ministers' Meeting : 6.00 p.m. First Saturday
28. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
29. Night Prayer : 9.30 p.m. Third Friday
30. Fasting Prayer : 9:30 a.m. Second Saturday
31. Holy Communion : Second Sunday Services
32. Youth / Kid Prayer : 10.00 p.m. daily (over phone)
33. Staff Devotion : 9.00 a.m. daily
34. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

**কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য**

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্ব্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্ব্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

বিনামূল্যে মাসিক পত্রিকা
## আহ্বানের প্রতিধ্বনি
লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| **Account Name** | : **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : **1023 2923 805** |
| **Bank Name** | : **STATE BANK OF INDIA** |
| **Branch** | : **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : **SBIN 0000249** |
| **SWIFT Code** | : **SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## যীশু খ্রীষ্ট - অলৌকিক কার্যকারী

**" যে আমার সেবা করবে, আমার পিতা তাকে সমাদর করবেন" — যোহন১২:২৬**

বিভিন্ন সময় ঈশ্বর আমার মাধ্যমে মহান মহান কার্য সম্পাদন করেছিলেন। প্রধান কার্যালয়ে এবং বাইরের বিভিন্ন জায়গায় আমাদের পরিচর্যার সময় ঈশ্বর আমার মাধ্যমে বিভিন্ন চিহ্নকার্য এবং আশ্চর্য কাজগুলি করার দ্বারা আমাকে সম্মানিত করেছিলেন। এর মাধ্যমে এই পরিচর্যার সৌরভ পৃথিবীর বিভিন্ন অংশে ছড়িয়ে পড়েছে। ঈশ্বরের নামের গৌরব হোক।

একবার আমি যখন অস্ট্রেলিয়ার সিডনি, মেলবোর্ণ এবং ব্রিসবেনে পরিচর্যা করছিলাম, অনেক লোক ঈশ্বরের গৌরবময় স্পর্শ অনুভব করেছিলেন।

একদিন আমি যেখানে ছিলাম সেখানে এক অস্ট্রেলিয় দম্পতি আমার সঙ্গে দেখা করতে এসেছিলেন। তারা ক্রন্দন করছিলেন, তারা আমাকে বলছিলেন যে তাদের বিবাহিত জীবন ১৩ বছর পূর্ণ হলেও তাদের কোনও সন্তান নেই। তারা আমাকে আরও বলেছিলেন যে তারা শান্তিপূর্ণভাবে বিবাহ বিচ্ছেদের আবেদন করার সিদ্ধান্ত নিয়েছেন। তারা এর জন্য আমার কাছে প্রার্থনা চেয়েছিলেন (তাদের দেশে বিবাহ বিচ্ছেদের বিষয়টি খুবই সাধারণ বিষয়)।

আমি খুব দুঃখিত হয়েছিলাম। সুতরাং আমি তাদের বলেছিলাম আমি কি তাদের সন্তানের জন্য প্রার্থনা করবো। তারা হেসেছিলেন এবং আমাকে বলেছিলেন যে তারা অনেক বিখ্যাত চিকিৎসকের পরামর্শ নিয়েছেন এবং তারা কিছুই করতে পারেননি। তারা আমাকে প্রশ্ন করেছিলেন "কীভাবে প্রার্থনা সন্তান আনতে পারে?" সুতরাং আমি তাদের সঙ্গে বসেছিলাম, বিশ্বাস সম্পর্কে এবং বিশ্বাসের ফল সম্পর্কে এবং ঈশ্বরের শক্তি সম্পর্কে তাদের পরামর্শ দিয়েছিলাম। তারপর আমি আত্মায় আন্তরিকভাবে তাদের জন্য প্রার্থনা করেছিলাম।

ঈশ্বরের প্রশংসা হোক! দুমাস পরে আমি অস্ট্রেলিয়া থেকে ভারতে ফিরে এসেছিলাম। আমি যখন বিমানবন্দরে পৌঁছেছিলাম, আমি দেখেছিলাম সেই দম্পতি আমরা জন্য উপহারের একটা বড় প্যাকেট এনেছেন এবং বিমানবন্দরে তারা প্রায় দশ মিনিট কেঁদেছিলেন। সমস্ত জনতা এই দৃশ্য দেখেছিল।



*ঈশ্বর তাদের তিনটি সন্তান দিয়ে আশীর্ব্বাদ করেছিলেন*

অবশেষে স্বামী আমাকে বলেছিলেন যে তাঁর স্ত্রী গর্ভবতী এবং ঐ দিন ডাক্তার তাদের এই বিষয় নিশ্চয়তা দিয়েছেন। তারা খুব খুশী হয়েছিলেন এবং ঐ প্যাকেটে তারা আমার পরিচর্যা কাজের জন্য অনেক পোষাক এবং ব্যবহারযোগ্য জিনিস দিয়েছিলেন। ঈশ্বর তাদের একটি কন্যা সন্তান দিয়েছিলেন এবং পরে তাদের আরও দুটি পুত্র দিয়েছিলেন এবং তাদের আশীর্ব্বাদ করেছিলেন।

প্রিয় বন্ধু, ঈশ্বর আপনার জীবনেও সেই একই অলৌকিক কাজ করতে পারেন। ঈশ্বরে বিশ্বাস করুন এবং বিশ্বাসে তাঁর কাছে যাচ্ঞা করুন। তিনি আপনার সমস্ত প্রয়োজনের জোগান দেবেন।

প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্ট, আমি যাঁর প্রচার করি তিনি সন্তানহীনদের সন্তান দিতে পারেন, অসুস্থদের সুস্থ করতে পারেন এবং অন্য বিভিন্নভাবে আশীর্ব্বাদ করতে পারেন। তিনি গতকাল, আজ এবং চিরকাল একই আছেন। ঈশ্বরের গৌরব হোক!

---

*(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)*

গেৎশিমানী বাগানে গভীর নিঃসঙ্গতার অভিজ্ঞতা লাভ করেছিলেন। আপনি সম্পদ, প্রভাব এবং খ্যাতির অধিকারী হতে পারেন, তথাপি আপনি নিঃসঙ্গতায় কবলিত হতে পারেন। ঈশ্বর নিঃসঙ্গতার গভীরতা উপলব্ধি করতে পারেন;তিনি হবাকে তৈরী করেছিলেন এবং আদমের নিঃসঙ্গতা দূর করেছিলেন। তা সত্ত্বেও, আমাদের মধ্যে অনেকেই বিচ্ছিন্নতা এবং ছিন্নভিন্নতার অবর্ণনীয় যন্ত্রণার সাথে লড়াই করি।

ঈশ্বর আপনার অনুসন্ধান করছেন; তিনি আপনাকে সংযুক্ত করতে চান যাতে তিনি আপনাকে তাঁর কাছে আনতে পারেন।

আপনি ভগ্ন, অপমানিত এবং পরাজিত হতে পারেন।

- **সদাপ্রভু ভগ্নচিত্তদের নিকটে, এবং যারা অন্তরে চূর্ণবিচূর্ণ, তাদের তিনি উদ্ধার করেন -** গীত ৩৪:১৮
- **তিনি ভগ্নচিত্তদের সুস্থ করেন, এবং তাদের**



**সকল ক্ষতস্থান তিনি বেঁধে দেন** - গীত ১৪৭:৩

- **"... আমি এক উচ্চ ও পবিত্রস্থানে বাস করি, আবার যে ভগ্নচূর্ণ ও নতনম্র আত্মা বিশিষ্ট, তার মধ্যেও বাস করি, যেন নম্র ব্যক্তিদের আত্মা সঞ্জীবিত করি এবং ভগ্নচূর্ণমনা ব্যক্তিদের হৃদয়কেও সঞ্জীবিত করি"** - যিশাইয় ৫৭:১৫

ভগ্নতা হচ্ছে নতুন কিছু নির্মাণের জন্য ঈশ্বরের পূর্বশর্ত।

পাপ, মন্দ অভ্যাস, অসুস্থতা, আর্থিকসঙ্কট, বংশের অভিশাপ, অথবা প্রচলিত প্রথাসমুহ, ইত্যাদি বিষয়গুলির দ্বারা আপনি বন্ধনযুক্ত হতে পারেন, কিন্তু ঈশ্বর আপনার বাঁধন খুলে দিতে চান কারণ তিনি আপনাকে ভালোবাসেন এবং তিনি চান আপনি ফিরে আসুন। আপনার যদি মনে হয় আপনি ঈশ্বরের থেকে অনেক দূরে চলে গিয়েছেন, স্মরণ করুন, তিনি বলেন, "আমি চাই তুমি ফিরে এসো।" আপনি কি তাঁর কাছে ফিরে আসবেন?



ঈশ্বর আপনার অতীতের বিষয় চিন্তা করেন না। রাহব,মথি, সক্কেয়,সকলেরই কঠিন অতীত ছিল, কিন্তু তাদের অতীতের দ্বারা তাদের বর্তমান এবং ভবিষ্যত নির্ধারিত হয়নি। ঈশ্বর আপনাকে চান! আপনি কি চান ঈশ্বর আপনার বন্ধন খুলে দিন?

অনেকেই চৌরাস্তার মোড়ে দাঁড়িয়ে আছে;তাঁর কাছে আত্ম সমর্পণ করার জন্য আজই প্রস্তুত হন।

আপনি যদি সমর্পণ করতে অস্বীকার করেন, ঈশ্বর আপনাকে যেতে দেবেন, কিন্তু আপনাকে এর পরিণতিগুলি ভোগ করতে হবে।

## গীত সংহিতা ১০৩: ২১-২২

সদাপ্রভুর প্রশংসা করো, হে তাঁর স্বর্গের সকল বাহিনী, তোমরা তাঁর সেবাকারীগণ যারা তাঁর ইচ্ছা পূর্ণ করো।

সদাপ্রভুর প্রশংসা করো, হে তাঁর সকল সৃষ্টি, তাঁর আধিপত্যের সমস্ত স্থানে। হে আমার প্রাণ, সদাপ্রভুর প্রশংসা করো।


# জরুরী প্রয়োজন

**আহ্বানের প্রতিধ্বনির**
**নহিমিয় বাইবেল কলেজ, চেন্নাই**
**হিন্দি ভাষা**
**এটিএ - রেজিস্টার্ড ক্যানডিডেট ফর মেম্বারশিপ**

**ডীন (আবাসিক)**

এম ডিভ সহ হিন্দি ভাষায় ঈশতত্ত্ববিদ/ এমটিএইচ ডিগ্রী এবং অভিজ্ঞতাসহ।

বায়োডাটাসহ আবেদন করুন:
E.mail: sam@echoofhiscall.org
WhatsApp: (+91) 98412 71858

# সেণ্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল

**মেদাবাক্কাম, চেন্নাই-১০০**

*তাঁর আহ্বানের প্রতিধ্বনির একটি শিক্ষা প্রতিষ্ঠান*

অভিজ্ঞ শিক্ষক শিক্ষিকা
সব থেকে উত্তম কোচিং
খেলার মাধ্যমে শিক্ষা
প্রচুর ক্রীড়া উপকরণ
ড্রয়িং এবং পেণ্টিং
নাচ, গান এবং সাংস্কৃতিক কার্যকলাপ
স্পোকেন ইংলিশ
সাধারণ বেতন ব্যবস্থা

## ভর্তি চলিতেছে
## প্রি. কেজি থেকে দশম শ্রেণী

## এখনই নাম নথিভুক্ত করুন

**আবেদন করার জন্য স্কুলে সাক্ষাৎ করুন**

**যোগাযোগ করুন: ৯৬৩ ৯৬৩ ১২৯৫, ০৪৪-২২৭৮০৫৭৪**


# অনুগ্রহ করে মনোযোগ দিন

## পাস্টর এস.স্যাম সেলভা রাজের আত্মজীবনী!

আমরা পাস্টর এস. স্যাম সেলভারাজের আত্মজীবনী পুস্তকরূপে প্রকাশ করার কাজ সম্পূর্ণ করার প্রায় শেষ ধাপে এসে উপস্থিত হয়েছি। ঈশ্বর কীভাবে তাঁর পরিচর্যা কাজের মাধ্যমে আপনার আত্মিক বৃদ্ধিকে প্রভাবিত করেছেন সেই বিষয়ে দশ লাইনের মধ্যে সাক্ষ্য লিখে পাঠানোর অনুরোধ জানাচ্ছি। এছাড়াও আত্মজীবনী পুস্তকটিতে অন্তর্ভূক্ত করার জন্য ফটো পাঠানোর জন্যেও আমরা আপনাদের অনুরোধ জানাচ্ছি।

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব

অনুগ্রহ করে যখনই সময় পাবেন তখনই আমাদের ইউটিউব চ্যানেলটি দেখুন এবং সাবস্ক্রাইব করুন। ধন্যবাদ।

## OUR BANK DETAILS:

### 1. Bank : State Bank of India

| | |
|---|---|
| Branch | : Triplicane, Chennai-5 |
| Name | : S. Sam Selva Raj |
| A/C No. | : 1023 2934 679 |
| IFSC | : SBIN 00 00 249 |

SWIFT CODE : SBI NIN BB 455

### 2. Bank : ICICI Bank

| | |
|---|---|
| Branch | : Anna Salai, Chennai-6 |
| Name | : Echo of His Call |
| A/C No. | : 6038 0502 2319 |
| IFSC | : ICIC 000 6038 |

### 3. Bank : State Bank of India

(This Account is for Tax Exemption for Indians only )

| | |
|---|---|
| Branch | : Triplicane, Chennai-5 |
| Name | : Echo of His Call Educational Trust |
| A/C No. | : 1023 2923 805 |
| IFSC | : SBIN 00 00 249 |

Google Pay: 98410 71858
PayPal : SAM SELVA RAJ

*****

E.mail : sam@echoofhiscall.org

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

## ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO

RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/24-26
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at "Egmore RMS / 1 Patrika Channel"
on 14th JUNE 2024
If un-delivered please return to:
ECHO OF HIS CALL (BENGALI)
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

## JESUS LOVES YOU!

To

GOD BLESS YOU!

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**